'ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট'


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬ কাওরান বাজার, ঢাকা।
email:ccsdpdgfp@gmail.com


স্মারক নং-পপঅ/সিপিএসডিপি/কর্মশালা(অংশ-২)/৪৪২/২০২০/৫৩১ | তারিখ: ৩১/০৫/২০২১

বিষয় ঃ 'ধর্মীয় প্রতিনিধি/মসজিদ কমিটির সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা' বিষয়ক অবহিতকরণ কর্মশালা আয়োজন সংক্রান্ত।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি)'র আওতায় ভোলা, দিনাজপুর, গোপালগঞ্জ, জামালপুর, চাঁদপুর, ফেনী, মৌলভীবাজার, পাবনা, নাটোর ও খুলনা জেলায় নিম্নলিখিত সময়সূচী মোতাবেক পরিবার পরিকল্পনা কার্যক্রমে 'ধর্মীয় প্রতিনিধি/মসজিদ কমিটির সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা' বিষয়ক ০১(এক) দিনের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হবে।

উপজেলা পর্যায়ে 'ধর্মীয় প্রতিনিধি/মসজিদ কমিটির সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা' বিষয়ক কর্মশালা সংশ্লিষ্ট উপজেলার ৫০ (পঞ্চাশ) জন মসজিদ কমিটির সদস্য (সভাপতি, সেক্রেটারি)'র সমন্বয়ে অনুষ্ঠিত হবে।

উপজেলা পর্যায়ে উক্ত কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত (ভার্চুয়াল/সরাসরি) থাকবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তা, পরিচালক (পরিবার পরিকল্পনা) সংশ্লিষ্ট বিভাগ এবং সরাসরি উপস্থিত থাকবেন উপপরিচালক (পরিবার পরিকল্পনা), রিজওনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), সহকারী পরিচালক(সিসি)/(পঃপঃ), উপ-পরিচালক/সহকারী পরিচালক (ইসলামিক ফাউন্ডেশন), ইসলাম ধর্মীয় বিষয় ভিত্তিক রিসোর্স পার্সন-১জন, মেডিক্যাল অফিসার (সিসি), উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/(ক্লিনিক)/(পঃকঃ), উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ)।

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (কোড নং-১৬২০৪০১) এর আওতায় কর্মশালা খাতে বরাদ্দকৃত (কোড নং-৩২১১১১১) অর্থ হতে সরকারী বিধি মোতাবেক রিসোর্স পার্সন এবং অংশগ্রহণকারীদের দৈনিক ও যাতায়াত ভাতাসহ কর্মশালা সংক্রান্ত অন্যান্য যাবতীয় ব্যয় নির্বাহ হবে। কর্মশালা সম্পাদনের জন্য অত্র কার্যালয় হতে সংশ্লিষ্ট Cost Centre (খরচ কেন্দ্র) এর ডিডিও'র অনুকূলে জিওবি (উন্নয়ন) খাতে হিসাব রক্ষণ কার্যালয়ের মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে। কর্মশালায় অংশগ্রহনকারীদের জন্য ট্রেনিং মেটেরিয়ালস্ (ব্যাগ, প্যাড, কলম) বিদ্যমান সরকারী ক্রয় নীতিমালা অনুযায়ী স্থানীয় পর্যায়ে ক্রয়/সংগ্রহ করতে হবে। সিসিএসডিপি'র প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) ও স্থানীয় কর্তৃপক্ষের সমন্বয়ে রিসোর্স পার্সন, অংশগ্রহনকারীদের দৈনিক ও যাতায়াত ভাতা এবং কর্মশালা সংক্রান্ত অন্যান্য যাবতীয় ব্যয় তাৎক্ষণিকভাবে ভেন্যুতে পরিশোধ করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মশালা সম্পাদনের পর ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে কর্মশালার প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করবেন।

নিম্নোক্ত সময়সূচী মোতাবেক স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক কর্মশালা আয়োজন এবং রিসোর্স পার্সন (ভার্চুয়াল/সরাসরি) এবং অংশগ্রহণকারীদের সরাসরি উপস্থিতি নিশ্চিত করার জন্য উপপরিচালক (পরিবার পরিকল্পনা) ভোলা, দিনাজপুর, গোপালগঞ্জ, জামালপুর, চাঁদপুর, ফেনী, মৌলভীবাজার, পাবনা, নাটোর ও খুলনা-কে কল-আপ নোটিশ/ আমন্ত্রণ পত্র জারী করার জন্য অনুরোধ করা হলো।

কর্মশালার সময়সূচী নিম্নরূপ :

| ক্রমিক নং | জেলা | উপজেলা | (সম্ভাব্য/পরিবর্তনশীল) তারিখ |
|---|---|---|---|
| ১ | ভোলা | সদর | ০৫/০৬/২০২১ |
| ২ | | চরফ্যাশন | ০৬/০৬/২০২১ |
| ৩ | | লালমোহন | ০৭/০৬২০২১ |
| ৪ | দিনাজপুর | সদর | ০৫/০৬/২০২১ |
| ৫ | | বিরামপুর | ০৬/০৬/২০২১ |
| ৬ | | খানসামা | ০৭/০৬২০২১ |
| ৭ | গোপালগঞ্জ | সদর | ০৮/০৬/২০২১ |
| ৮ | | টুংগীবাড়ী | ০৯/০৬/২০২১ |
| ৯ | | কাশিয়ানী | ১০/০৬২০২১ |
| ১০ | চাঁদপুর | সদর | ০৮/০৬/২০২১ |
| ১১ | | হাজীগঞ্জ | ০৯/০৬/২০২১ |
| ১২ | | শাহরাস্তি | ১০/০৬২০২১ |
| ১৩ | ফেনী | সদর | ১২/০৬/২০২১ |
| ১৪ | | সোনাগাজী | ১৩/০৬/২০২১ |
| ১৫ | | দাগনভুঞা | ১৪/০৬২০২১ |
| ১৬ | মৌলভীবাজার | সদর | ১২/০৬/২০২১ |
| ১৭ | | বড়লেখা | ১৩/০৬/২০২১ |
| ১৮ | | কুলাউড়া | ১৪/০৬২০২১ |
| ১৯ | জামালপুর | সদর | ১৫/০৬/২০২১ |
| ২০ | | বক্সীগঞ্জ | ১৬/০৬/২০২১ |
| ২১ | | ইসলামপুর | ১৭/০৬২০২১ |
| ২২ | পাবনা | সদর | ১৫/০৬/২০২১ |
| ২৩ | | ফরিদপুর | ১৬/০৬/২০২১ |
| ২৪ | | ভাঙ্গুরা | ১৭/০৬২০২১ |
| ২৫ | নাটোর | সদর | ১৯/০৬/২০২১ |
| ২৬ | | বড়াইগ্রাম | ২০/০৬/২০২১ |

| | | | |
|---|---|---|---|
| ২৭ | | গুরুদাসপুর | ২১/০৬২০২১ |
| ২৮ | খুলনা | সদর | ১৯/০৬/২০২১ |
| ২৯ | | ফুলতলা | ২০/০৬/২০২১ |
| ৩০ | | রুপসা | ২১/০৬২০২১ |

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

31.5.2021

ডাঃ নূরুন নাহার বেগম
লাইন ডাইরেক্টর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।

উপ পরিচালক
পরিবার পরিকল্পনা
ভোলা/দিনাজপুর/গোপালগঞ্জ/জামালপুর/চাঁদপুর/ফেনী/মৌলভীবাজার/পাবনা/নাটোর/খুলনা।

স্মারক নং-পপঅ/সিপিএসডিপি/কর্মশালা(অংশ-২)/৪৪২/২০২০/৫৩/২(৭০) তারিখ: ০২/০৬/২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, আইএমইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা- দৃষ্টি আকর্ষণ- পরিচালক (স্বাস্থ্য)।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (জনসংখ্যা-পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্ম সচিব, পরিকল্পনা/পরিকল্পনা-১ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। যুগ্ম সচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৮। উপ সচিব, পার-২ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপ সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর ঃ

১। পরিচালক (প্রশাসন), অত্র অধিদপ্তর।
২। পরিচালক ও লাইন ডাইরেক্টর ................................(সকল) অত্র অধিদপ্তর।
৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, .............................. (সংশ্লিষ্ট) বিভাগ।
৪। রিজিওনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটি, ................................. (সংশ্লিষ্ট) রিজিওন/জেলা।
৫। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ....................... উপজেলা .......................... জেলা।
৬। অর্থ কর্মকর্তা, অত্র অধিদপ্তর।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(গ) ইসলামিক ফাউন্ডেশন ঃ

১। উপ সচিব, প্রশাসন বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন।
২। উপপরিচালক/সহকারী পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ....................... (সংশ্লিষ্ট) জেলা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইসলামিক ফাউন্ডেশন।

(ঘ) হিসাব রক্ষন কার্যালয়ঃ

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব মহা নিয়ন্ত্রক ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। বিভাগীয় কন্ট্রোলার অব এ্যাকাউন্টস, ............................ (সংশ্লিষ্ট) বিভাগ।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ....................................... (সংশ্লিষ্ট) জেলা।

০২.০৬.২০২১

ডাঃ মোঃ মাহমুদুর রহমান
উপপরিচালক (সিএস) ও প্রোগ্রাম ম্যানেজার (এসডি)।